

সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৬৭৭

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৯৭. কাতারে বালকদের দাঁড়ানোর স্থান

باب مُقَامِ الصِّبْيَانِ مِنَ الصَّفِّ

আরবী

حَدَّثَنَا عِيسَى بْنُ شَاذَانَ، حَدَّثَنَا عَيَّاشُ الرَّقَامُ، حَدَّثَنَا عَبْدُ الأَعْلَى، حَدَّثَنَا قُرَّةُ بْنُ خَالِدٍ، حَدَّثَنَا بُدَيْلٌ، حَدَّثَنَا شَهْرُ بْنُ حَوْشَبٍ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ غَنْمٍ، قَالَ قَالَ أَبُو مَالِكِ الأَشْعَرِيُّ أَلَا أُحَدِّثُكُمْ بِصَلَاةِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ فَأَقَامَ الصَّلَاةَ وَصَفَّ الرِّجَالَ وَصَفَّ خَلْفَهُمُ الْغِلْمَانَ ثُمَّ صَلَّى بِهِمْ فَذَكَرَ صَلَاتَهُ ثُمَّ قَالَ هَكَذَا صَلَاةُ قَالَ عَبْدُ الأَعْلَى لَا أَحْسَبُهُ إِلَّا قَالَ " صَلَاةُ أُمَّتِي " .

_ ضعيف: المشكاة ١١١٥

বাংলা

৬৭৭। 'আবদুর রহমান ইবনু গানম সূত্রে বর্ণিত। তিনি বলেন, আবূ মালিক আল আশ'আরী (রাঃ) বলেছেন, আমি কি তোমাদেরকে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সালাত সম্পর্কে বর্ণনা করব না? এরপর তিনি সালাতে দাঁড়ালেন। প্রথমে প্রাপ্ত বয়স্ক পুরুষদের কাতারবদ্ধ করালেন, তারপর তাদের পিছনের কাতারে বালকদের দাঁড় করালেন। অতঃপর তিনি তাদের সাথে সালাত আদায় করলেন। এরপর বর্ণনাকারী নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সালাতের বর্ণনা দেন। (বর্ণনাকারী বলেন,) অতঃপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ এভাবেই সালাত আদায় করতে হয়। বর্ণনাকারী 'আবদুল আ'লা বলেন, আমার ধারণা আমার শায়খ কুররাহ ইবনু খালিদ বলেছেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ আমার উদ্মাত এভাবেই সালাত আদায় করবে।[1]

দুর্বল : মিশকাত ১১১৫।

English

Narrated AbuMalik al-Ash'ari:



Should I not tell you how the Messenger of Allah (ﷺ) led the prayer? He said: He had the iqamah announced, drew the men up in line and drew up the youths behind them, then led them in prayer. He then mentioned how he conducted it. and said: Thus is the prayer of......AbdulA'la said: I think he must have said: My people.

ফুটনোট

[1] আহমাদ (৫/৩৪১)। সনদের শাহর ইবনু হাওশাব সম্পর্কে হাফিয 'আত-তাক্করীব' গ্রন্থে বলেন, সত্যবাদী, তবে মুরসাল ও সংশয় প্রচুর।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আব্দুর রহমান ইবনে গান্ম (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন